দর্শনার ফুলবাড়ী সীমান্ত থেকে দেড় কোটি টাকার সোনার বার আটক

চুয়াডাঙ্গার দর্শনা থানার ফুলবাড়ী সীমান্ত এলাকা থেকে দুই কেজি ৪০০ গ্রাম ওজনের আটটি সোনার বার আটক করেছে বিজিবি। আটক করা সোনার বারের দাম এক কোটি ৫২ লাখ দুই হাজার ৩৭৫ টাকা বলে জানায় বিজিবি। সোমবার সন্ধ্যায় পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক লে. কর্নেল মোহাম্মদ খালেকুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে সোমবার বেলা ১১টার দিকে ফুলবাড়ী সীমান্তে অভিযান চালানো হয়।

এসময় সীমান্তের ৮৬ নং মেইন পিলার হতে এক কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে চাকুলিয়া বিলের মধ্যে প্লাস্টিকের বস্তা হাতে এক ব্যক্তিকে দেখতে পায় বিজিবির টহলদল। অজ্ঞাত ওই ব্যক্তিকে চ্যালেঞ্জ করলে সে সাথে থাকা ব্যাগটি ফেলে পালিয়ে যায়। পরে ব্যাগটি উদ্ধার করে তল্লাশী করলে তার মধ্যে দুই কেজি ৪০০ গ্রাম ওজনের ৮টি সোনার বার পাওয়া যায়।

বিজিবি পরিচালক আরো জানান, আটক করা সোনার বার চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা করা হয়েছে।

ভাবিকে ‘শিক্ষা’ দিতে আপন ভাতিজিকে হত্যা

কুষ্টিয়া সদর উপজেলার হরিনারায়ণপুর এলাকায় মাঠের পাশে পরিত্যক্ত শৌচাগার থেকে ছয় বছরের মেয়ে শিশুর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শিশুটির নাম সানজিদা খাতুন (৬)। গতকাল রোববার (১৮ অক্টোবর)

সন্ধ্যা ছয়টায় শিশুটিকে উদ্ধার করে পুলিশ।

এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে আটক হয়েছে একজন। প্রাথমিকভাবে হত্যার কথা স্বীকার করেছে সে। পুলিশ বলছে, পারিবারিক কলহে ক্ষোভের বহিঃপ্রকাশে ‘শিক্ষা’ দিতে এ হত্যাকাণ্ড ঘটানো হয়েছে।

উপজেলার হরিনারায়ণপুর এলাকার সোহাগ হোসেনের মেয়ে। বাড়ি থেকে মাত্র ১০০ গজ দূরে তাকে হত্যা করা হয়। ঘটনার পর থেকে পুলিশ রহস্য উদঘাটনে একটানা কাজ করে।

কুষ্টিয়ার পুলিশ সুপার এস এম তানভীর আরাফাতের ভাষ্যমতে, ঘটনার পরপরই লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়। এরপর অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান ও আতিকুর রহমান (সদও সার্কেল) ঘটনাস্থলে যান। তারা ঘটনার রহস্য উৎঘাটনের কাজ শুরু করে। একটানা নয় ঘণ্টা কাজ শেষে রাত তিনটায় সময় তারা নিশ্চিত হন শিশুটির আপন ফুপু এই হত্যাকাণ্ড ঘটিয়েছে। তাকে বাড়ি থেকেই আটক করে রাতেই থানায় নেওয়া হয়।

অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আতিকুর রহমান বলেন, রাতেই পরিবারের সব সদস্যদের বাড়িতেই জিজ্ঞাসাবাদ করা হয়। তাদের সারাদিনের চাল-চলন বিষয়ে নানা কথা শোনা হয়। কিন্তু কোনোভাবেই কাউকে সন্দেহ করা যাচ্ছিল। পরিবারের সকল সদস্যই স্বাভাবিক আচরণ করছিল। শিশুটি ধর্ষণের শিকার হয়নি এমন তথ্য কয়েক মিনিটের মধ্যেই নিশ্চিত হয়ে যায়। তবে কীভাবে হত্যা এবং কেন করা হলো সেটা বের করার জন্য কাজ শুরু করা হয়।

রাত বারটার দিকে ওই এলাকার এক মাইক্রোবাস চালক আকতার হোসেন পুলিশকে জানায়, বিকেল সাড়ে চারটার দিকে পরিত্যক্ত ইউপি ভূমি কার্যালয় থেকে সানজিদার ফুপুকে বের হতে দেখে। এমন কথা শোনার পরই পুলিশ বাড়িতে থাকা সানজিদার ফুপুকে আলাদা একটা কক্ষে নিয়ে নারী পুলিশ কর্মকর্তা দিয়ে জিজ্ঞাসাবাদ শুরু করে। একপর্যায়ে সে জানায়, শিশুটিকে সেই হত্যা করেছে।

পুলিশ বলছে, শিশুটির মায়ের সাথে তার দাদি ও অষ্টম শ্রেণী পড়ুয়া ফুপুর পারিবারিক কলহ চলছিল। প্রায় দিনই তাদের মধ্যে ঝগড়া হয়। শিশুটির বাবার স্থানীয় বাজারে একটি দোকান রয়েছে। শিশুটির মা ও ফুপুর মধ্যে নানা সময়ে গালমন্দ ঝগড়া চলতো। ভাবিকে শিক্ষা দিতেই সানজিদাকে হত্যার পরিকল্পনা করে।

ঘটনার দিন বিকেলে চানাচুর কিনে খাবার জন্য সানজিদাকে নিয়ে তার ফুপু বাড়ির পাশেই পরিত্যক্ত ভূমি কার্যালয়ে যায়। সেখানে দুজন মিলে চানাচুরও খায়। একপর্যায়ে সানজিদাকে একটা থাপ্পড় দিলে সে পড়ে গিয়ে কান্না করে। এর পরপরই শ্বাসরোধ করে হত্যা করে সুমনা বাড়ি ফিরে আসে।

সানজিদার বাবা সোহাগ হোসেন বলেন, সানজিদা দুপুরে বাড়ি থেকে বের হয়। এরপর আর ফিরে না আসায় পরিবারের লোকজন আশপাশে খোঁজা শুরু করেন।

একপর্যায়ে মেয়ের সন্ধান চেয়ে বিকেলে হরিনারায়ণপুর বাজারে মাইকিং করেন। এরপরও তার হদিস না পাওয়ায় খোঁজ চলতে থাকে। সন্ধ্যার পর এলাকার কয়েকজন বাসিন্দা কাচারি মাঠের পাশের পরিত্যক্ত শৌচাগারে একটি শিশুর লাশ পড়ে থাকতে দেখে। পরে সানজিদার পরিবারের লোকজন এসে তার লাশ শনাক্ত করেন।

কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আতিকুর রহমান বলেন, থানায় হত্যা মামলা নেওয়া হচ্ছে। লাশ ময়নাতদন্ত করে পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

গাংনীর ধানখোলা ইউনিয়নের শূন্য ওয়ার্ডে উপ-নির্বাচন আগামীকাল

আগামীকাল মঙ্গলবার অনুষ্ঠিত হতে যাচ্ছে মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের উপ-নির্বাচন। উপ-নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ করতে সকল প্রস্তুতি গ্রহণ করেছে নির্বাচন কমিশন।

সোমবার গাংনী থানা চত্বরে পুলিশ বাহিনী ও আনসার সদস্যদের নির্বাচন কেন্দ্রে দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে নির্দেশনা দেয়া হয়। এ সময় বক্তব্য রাখেন, অতিরিক্ত পুলিশ সুপার (সদর) হাসিবুল

আলম, অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান, ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুল ইসলাম ও উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা উর্মিলা বিশ্বাস।

গাংনী উপজেলা নির্বাচন অফিস সূত্রে জানা গেছে, উপ-নির্বাচনে ২টি কেন্দ্রে, পুলিশ বাহিনীর বিভিন্ন পর্যায়ের সদস্য ১৬ জন, আনসার বাহিনীর সদস্য ৩৪ জন। দু’টি মোবাইল টিমে ১০ জন, কেন্দ্র দুইটিতে প্রিজাইডিং অফিসার ২ জন, সহকারী প্রিজাইডিং অফিসার ১৩ জন ও পোলিং অফিসার ২৬ জনকে দায়িত্ব দিয়েছে নির্বাচন কমিশন।

ইউপি সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন ৪ জন প্রার্থী। প্রার্থীদের মধ্যে জাকির হোসেন টিউবওয়েল, মাজেদ আলী মোরগ, মফিজুল ইসলাম তালা ও সালাউদ্দিন ফুটবল মার্কায় প্রতিদ্বন্দ্বিতা করছেন। দুটি ওয়ার্ডে ৪,৬৬৩ ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।
নির্বাচন অবাধ ও সুষ্ঠু হওয়ার আশাবাদ ব্যক্ত করেছেন উপজেলা নির্বাচন কর্মকর্তা আব্দুল আজিজ।

কালীগঞ্জে সবজির ক্ষেত নষ্টের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের কালীগঞ্জে কৃষকের সবজি ক্ষেত নষ্টকারীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির ও ক্ষতিগ্রস্ত কৃষকের ক্ষতিপূরণের দাবিতে মানববন্ধন হয়েছে।

গত দুইমাসে কালীগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকায় কৃষকের ধরন্ত ও পাকা সবজির ক্ষেত নষ্ট করে দিচ্ছে দুর্বৃত্তরা। প্রায় ২০ জনের অধিক কৃষকের মরিচ, বেগুন, লাউ, কলাসহ বিভিন্ন ধরনের সবজির আবাদ নষ্ট হয়েছে।

এতে করে কৃষকের আনুমানিক ১৫ লক্ষাধিক টাকার ক্ষতি সাধন হয়েছে। সবজির ক্ষেত নষ্ট করা নিয়ে কালীগঞ্জ উপজেলার আইনশৃঙ্খলা সভায় উদ্বেগ প্রকাশ করা হয়। এবং মহল্লা ভিত্তিক পাহারার জন্য পরামর্শ দেওয়া হয়।

সোমবারের এই মানববন্ধনে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা কৃষক লীগের সভাপতি মো: আবুল কালাম আজাদ, প্রত্যাশা ফোরামের সভাপতি মো: নুরুজ্জামান ও সাধারণ সম্পাদক বশির আহমেদ চন্দন, কালীগঞ্জ কাচামাল হাটের নেতৃবৃন্দ সহ প্রত্যাশা ফোরামের সদস্যগণ ও চাষীরা। এই মানববন্ধনের আয়োজন করে “প্রত্যাশা ২০২১ ফোরাম।

আবহাওয়া অনুকূলে থাকলে আজ বসবে পদ্মা সেতুর ৩৩তম স্প্যান

আবহাওয়া অনুকূলে থাকলে পদ্মা সেতুর ৩ ও ৪ নম্বর পিলারের ওপর আজ সোমবার বসবে ৩৩তম স্প্যানটি। এই স্প্যান বসানোর মাধ্যমে সেতুর ৪ হাজার ৯৫০ মিটার দৃশ্যমান হবে।

সোমবার সকালে মূল সেতুর নির্বাহী প্রকৌশলী দেওয়ান আবদুল কাদের জানান, সব কিছু ঠিক থাকলে আজই স্প্যানটি বসানো হতে পারে। মুন্সীগঞ্জের মাওয়া কনস্ট্রাকশন ইয়ার্ডে ‘ওয়ান সি’ নামের ৩৩তম স্প্যানটি প্রস্তুত করা হয়েছে। মাওয়া প্রান্তে সেতুর ৩ ও ৪ নম্বর পিলারের (খুঁটি) ওপর স্প্যানটি বসানো হবে।

তবে পদ্মা নদীতে তীব্র স্রোত দেখা দিলে দুদিন সময় লাগতে পারে।

এর আগে ১১ অক্টোবর ৩২তম স্প্যানটি বসানো হয় পদ্মা সেতুর ওপর।

পদ্মা সেতুর সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, তিন হাজার ৬০০ টন ধারণক্ষমতার ‘তিয়ান ই’ ভাসমান ক্রেনটি কনস্ট্রাকশন ইয়ার্ডে অবস্থান করছে। নির্ধারিত সময়ে ধূসর রঙের ১৫০ মিটার দৈর্ঘ্যের তিন হাজার ১৪০ টন ওজনের স্প্যানটিকে নিয়ে যাবে। কনস্ট্রাকশন ইয়ার্ড থেকে পিলারের দূরত্ব খুব বেশি না থাকায় একদিনের মধ্যেই স্প্যানটি বসানোর ব্যাপারে আশাবাদী প্রকৌশলীরা।

আরও জানা গেছে, পদ্মা সেতুতে ৩৩তম স্প্যান বসানো গেলে বাকি থাকবে ৮টি স্প্যান। স্প্যানগুলো মাওয়া কনস্ট্রাকশন ইয়ার্ডে আছে।

এদিকে ৪১ স্প্যানের ওপর ২ হাজার ৯১৭টি রোড স্লাব বসানো হবে। এ

পর্যন্ত বসানো হয়েছে ১ হাজার রোড স্লাব। এ ছাড়া রেললাইনের জন্য লাগবে ২ হাজার ৯৫৯টি রেল স্লাব। এ পর্যন্ত বসানো হয়েছে ১ হাজার ৬০০ রেলওয়ে স্লাব।

২০১৭ সালের ৩০ সেপ্টেম্বর সেতুর জাজিরা প্রান্তে ৩৭-৩৮ নম্বর পিয়ারে প্রথম স্প্যান বসানোর মধ্য দিয়ে সেতু দৃশ্যমান হয়। গত ৩০ মে পর্যন্ত জাজিরা প্রান্তে সেতুর ২৮টি স্প্যান বসানো হয়।

গত ৩০ মে জাজিরা প্রান্তে সেতুর ২৬ ও ২৭ নম্বর পিয়ারের (খুঁটি) ওপর বসানো হয় ৩০তম স্প্যান। এর পর চলতি বছরের ১০ জুন সেতুর জাজিরা প্রান্তের ২৫ ও ২৬ নম্বর খুঁটির ওপর বসানো হয় সেতুর ৩১তম স্প্যান।

এক সপ্তাহে ধর্ষণ মামলার রায়: ধর্ষকের আমৃত্যু কারাদণ্ড

বাগেরহাটে শিশু ধর্ষণ মামলায় আবদুল মান্নান সরদার (৫০) নামে এক আসামিকে সাত কার্যদিবসে আমৃত্যু কারাদণ্ড দিয়েছেন আদালত। এ সময় আসামিকে ২০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক বছর কারাদণ্ড দেয়া হয়।

বাগেরহাটের মোংলায় আশ্রয়ণ প্রকল্প এলাকায় পিতৃহীন সাত বছর বয়সী এক শিশু ধর্ষণের অভিযোগে আসামি আবদুল মান্নান সরদারকে (৫০) সাত কার্যদিবসে আমৃত্যু কারাদণ্ড দিয়েছেন নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালত ২-এর বিচারক মো. নূরে আলম।

সোমবার দুপুর ১২টায় নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালত ২-এর বিচারক মো. নূরে আলম আসামির উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন।

আসামি আবদুল মান্নান সরদার মোংলা উপজেলার মাকোড়ডোন গ্রামের ভূমিহীন আশ্রয়ণ প্রকল্প এলাকার প্রয়াত আহম্মদ সরদারের ছেলে।

এর আগে রোববার বিকাল পর্যন্ত এ মামলার বাদী-বিবাদী পক্ষের

আইনজীবীদের যুক্তিতর্ক শোনেন বিচারক। এর পর তিনি আজ রায় ঘোষণার দিন ধার্য করেন।

বাগেরহাটের স্পর্শকাতর একটি ফৌজদারি মামলায় এত কম সময়ে বিচারকাজ শেষ করার নজির বাংলাদেশে এই প্রথম।

এদিকে বাগেরহাটের বিচার বিভাগ নারী ও শিশু নির্যাতন দমন আইনের একটি মামলার বিচারকাজ কম সময়ের মধ্যে শেষ করে রায়ের জন্য অপেক্ষমাণ রাখায় ন্যায়বিচার প্রতিষ্ঠার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন হতে যাচ্ছে বলে মন্তব্য করেছে নারী উন্নয়ন ফোরাম।

এই রায়ের মধ্য দিয়ে বিচারকার্যের যে দীর্ঘসূত্রতা ছিল বা সাধারণ বিচারপ্রার্থীদের বিচার না পাওয়ার যে ভ্রান্ত ধারণা ছিল, তা অনেকাংশে দূর হবে বলে মত তাদের।

মামলার নথি থেকে জানা গেছে, বাগেরহাটের মোংলা উপজেলার মাকোড়ডোন গ্রামের ভূমিহীন আশ্রয় প্রকল্প এলাকায় পিতৃহারা সাত বছর বয়সী এক শিশু তার মামার কাছে মানুষ হচ্ছিল।

গত ৩ অক্টোবর বিকেল সাড়ে চারটা দিকে ওই আশ্রয় প্রকল্পের পঞ্চাশোর্ধ প্রতিবেশী আবদুল মান্নান সরদার শিশুটিকে বিস্কুট খাওয়ার প্রলোভন দিয়ে নিজের ঘরে ডেকে নেয়। এরপর শিশুটির ইচ্ছার বিরুদ্ধে জোরপূর্বক ধর্ষণ করে মান্নান।

পরে এই ঘটনা জানাজানি হলে ওইদিন রাতেই মেয়েটির মামা মোংলা থানায় আবদুল মান্নানের বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি মামলা করলে পুলিশ তাকে গ্রেফতার করে।

এই মামলার তদন্ত কর্মকর্তা মোংলা থানার উপপরিদর্শক (এসআই) বিশ্বজিত মুখার্জ্জী তার তদন্তে ধর্ষণের প্রাথমিক সত্যতা পেয়ে ১৬ জনকে সাক্ষী রেখে আটদিনের মাথায় আব্দুল মান্নানের বিরুদ্ধে ১১ অক্টোবর আদালতে অভিযোগপত্র দাখিল করেন।

বাগেরহাট নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২ আদালতের বেঞ্চ সহকারি (পেশকার) গোপাল চন্দ্র পাল বলেন, মামলাটি স্পর্শকাতর হওয়ায় জুডিশিয়াল আদালত মামলাটি নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২ আদালতে পাঠায়।

আদালতের বিচারক গত ১১ অক্টোবর মামলাটি আমলে নিয়ে পরদিন চার্জ গঠন করে। ১৩ অক্টোবর বাদী পক্ষের মোট ১৬ জন স্বাক্ষীর সাক্ষ্য

গ্রহণ করেন।

১৪ অক্টোবর মামলার সংশ্লিষ্ট স্বাক্ষী চিকিৎসক, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, নারী পুলিশ সদস্য এবং মামলার তদন্ত কর্মকর্তার স্বাক্ষ্য গ্রহণ করেন।

১৫ অক্টোবর আসামির আত্মপক্ষ সমর্থনে সাফাই স্বাক্ষী সাক্ষ্য নেন। রোববার বাদী বিবাদী পক্ষের যুক্তিতর্ক শুনানি শেষে রায়ের দিন ঘোষণা করেন। এই ধরনের ফৌজদারি মামলায় দেশের কোনো নিন্ম আদালতে কম সময়ে বিচারকাজ শেষ হয়নি বলেও জানান এই কর্মকর্তা।

রাষ্ট্রপক্ষের আইনজীবী বাগেরহাট নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিশেষ সহকারি কৌসুলি (এপিপি) রনজিৎ কুমার মণ্ডল বলেন, নারী ও শিশু নির্যাতন দমন আইনে সুষ্পষ্ট বলা আছে কোনো ধর্ষণের ঘটনার অভিযুক্ত সঙ্গে সঙ্গে আইন প্রয়োগকারি সংস্থার হাতে ধরা পড়লে ১৫ কার্যদিবসের মধ্যে বিচার কাজ সম্পন্ন করা যাবে।

এই শিশু ধর্ষণের মামলাটি তারই প্রমাণ। মামলাটি পুলিশ গুরুত্ব দিয়ে তদন্ত করেছে। ঘটনার পরপরই আসামিকে গ্রেফতার, ধর্ষিতার ডাক্তারি পরীক্ষা, সাক্ষী হাজির এবং অভিযোগপত্র দাখিল যথা সময়ে করেছে পুলিশ। আইন মেনে ধর্ষিতা শিশুটির ২২ ধারা ও ১৬১ ধারায় জবানবন্দি গ্রহণ করা হয়েছে।

রোববার টানা ৩ ঘন্টা বাদী বিবাদির যুক্তিতর্কের ওপর শুনানি শেষে সোমবার এই আলোচিত মামলার রায় ঘোষণার করা হয়। বিগত দিনে এতো কম সময়ে বাগেরহাট কি দেশের কোন আদালতে নারী ও শিশু নির্যাতন দমন আইনে কোনো রায় ঘোষণা হয়নি বলেও জানান ওই আইন কর্মকর্তা।

সম্প্রতি দেশে নারী ও শিশু নির্যাতন অস্বাভাবিকহারে বেড়ে গেছে। যা নিয়ে আলোচনা সমালোচনার ঝড় বইছে দেশব্যাপী। এই সময়ে রায় ঘোষণার মধ্যে দিয়ে মানুষের মধ্যে যে বিচারহীনতা বা মামলার দীর্ঘসুত্রিতা নিয়ে আলোচনা সমালোচনা রয়েছে তা অনেকটাই দূর হবে বলে মনে করেন তিনি।

নারী উন্নয়ন ফোরামের খুলনা ও বরিশাল বিভাগের আঞ্চলিক সমন্বয়কারি ও সদর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান উন্নয়নকর্মী রিজিয়া পারভীন তার প্রতিক্রিয়ায় বলেন, সম্প্রতি বাগেরহাটের মোংলা দরিদ্র পরিবারের একটি শিশু যৌন নির্যাতনের শিকার হয়। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ১৫ কার্যদিবসের মধ্যে বিচার কাজ

শেষ করেছে।

এই রায়ের মধ্যে দিয়ে বিচার কার্যের যে দীর্ঘসূত্রিতা ছিল বা সাধারণ বিচারপ্রার্থীদের বিচার না পাওয়ার যে ভ্রান্ত ধারণা ছিল তা অনেকাংশে দূর হবে। দেশের সকল আইন প্রয়োগকারি সংস্থা নারী ও শিশু নির্যাতনের মামলাগুলো গুরুত্বের সাথে বিবেচনা করবে বলে মত দেন এই নারী নেত্রী।

সূত্র- যুগান্তর

আইপিএল কমিটির ছাড়পত্র পেলেন নারাইন

আবারও আলোচনায় সুনিল নারাইনের বোলিং অ্যাকশন। তবে সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে রবিবার সুপার ওভারে দুরন্ত জয়ের আগেই ভাল খবরটা চলে আসে কলকাতা নাইট রাইডার্স শিবিরে। সুনীল নারাইনের বোলিং অ্যাকশনে কোনও সমস্যা নেই বলে জানিয়ে দিয়েছে আইপিএলের ‘সাসপেক্ট বোলিং অ্যাকশন’ কমিটি। ক্যারিবিয়ান স্পিনারের নামও সরিয়ে নেওয়ায় হয়েছে ‘ওয়ার্নিং লিস্ট’ থেকে। যার ফলে নারাইনের বল করতে কোনও সমস্যা থাকছে না।

কিংস ইলেভেন পঞ্জাবের বিরুদ্ধে ম্যাচের পরে নারাইনের বোলিং অ্যাকশন সন্দেহজনক বলে রিপোর্ট দিয়েছিলেন মাঠের আম্পায়াররা। যার পরে কেকেআর স্পিনারের নাম সতর্কিতদের তালিকায় রাখা হয়েছিল। নারাইনের বল করার উপরে কোনও নিষেধাজ্ঞা না থাকলেও আরও এক বার রিপোর্ট জমা পড়লেই আইপিএলে আর বল করতে পারতেন না তিনি। যে কারণে কেকেআর তাঁকে আগের দু’ম্যাচে খেলানোর ঝুঁকি নেয়নি। সুস্থ না থাকায় হায়দরাবাদের বিরুদ্ধে খেলানো হয়নি নারাইনকে।

এই ক’দিন পুরনো স্পিন কোচ কার্ল ক্রোর সঙ্গে বোলিং অ্যাকশন ঠিক করার কাজে ব্যস্ত ছিলেন নারাইন। যার পরে কেকেআরের পক্ষ থেকে আইপিএল কমিটির কাছে আর্জি জানানো হয়, তাদের স্পিনারের বোলিং অ্যাকশন পরীক্ষা করে দেখার জন্য। যে কমিটিতে আছেন রাহুল

দ্রাবিড়, আইসিসি ম্যাচ রেফারি জাভাগাল শ্রীনাথ, প্রাক্তন আইসিসি আম্পায়ার কে হরিহরন এবং বোর্ডের কোষাধ্যক্ষ অরুণ ধুমাল।

রবিবার কমিটির পক্ষ থেকে বলা হয়েছে, ‘‘কেকেআরের পক্ষ থেকে সাসপেক্ট বোলিং অ্যাকশন কমিটির কাছে আবেদন জানানো হয়েছিল, সরকারি ভাবে সুনীল নারাইনের বোলিং অ্যাকশন খতিয়ে দেখার জন্য। যে জন্য স্লো মোশনে পিছন এবং পাশ থেকে নারাইনের বোলিং অ্যাকশনের ভিডিও জমা দেওয়া হয়েছিল। যে ভিডিও খালি চোখে খতিয়ে দেখার পরে সিদ্ধান্তে আসা হয়েছে যে, বোলার অবৈধ ভাবে কনুই ভাঙছেন না।’’

তবে পাশাপাশি বিবৃতিতে এও বলা হয়েছে, ‘‘ভিডিও ফুটেজে যে রকম বোলিং অ্যাকশনে বল করেছেন নারাইন, আইপিএলে ম্যাচে সে রকম অ্যাকশনেই বল করতে হবে তাঁকে।’’

চুয়াডাঙ্গা সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশী যুবক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ঠাকুরপুর সীমান্তে বিএসএফ গুলি করে ওমিদুল ইসলাম (২২) নামে এক যুবককে হত্যা করেছে। রবিবার (১৮ অক্টোবর) ভোররাত ৪টার দিকে ঠাকুরপুর সীমান্তের ৮৯ নম্বর মেইন পিলার বরাবর ভারতের অভ্যন্তরে এ ঘটনা ঘটে।

নিহত ওমিদুল ইসলাম দামুড়হুদা উপজেলার ঠাকুরপুর স্কুলপাড়ার শহিদুল ইসলামের ছেলে।

নিহতের পারিবারিক ও এলাকাবাসী সূত্রে জানা যায়, শনিবার গভীর রাতে ওমিদুলসহ ৬/৭ জন সীমান্তের ৮৯ নম্বর মেইন পিলারের কাছ দিয়ে ভারতের হুদাপাড়া গ্রামে প্রবেশ করে গরু কেনে। রবিবার ভোররাত ৪টার দিকে গরু নিয়ে বাংলাদেশে প্রবেশের সময় হুদাপাড়া বিএসএফ ক্যাম্পের টহলরত বিএসএফ সদস্যরা তাদের লক্ষ্য করে গুলি ছোড়ে।

এ সময় ওমিদুল গুলিবিদ্ধ হয়ে ঘটনাস্থলেই নিহত হয়। বাকিরা পালিয়ে যায়। রাতেই ঘটনাস্থল থেকে বিএসএফ সদস্যরা লাশ নিয়ে গেছে।

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান হাসানুল হক ইনু জানান, ভারত থেকে গরু কিনে নিয়ে আসার সময় বিএসএফ সদস্যরা তাকে গুলি চালিয়ে হত্যা করে।

মুন্সীপুর বিজিবি ক্যাম্পের নায়েক সুবেদার কাজী আজাদ জানান, লাশ ফেরত চেয়ে বিএসএফের কাছে চিঠি দেওয়া হবে।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান জানান, ঘটনার কড়া প্রতিবাদ ও নিহত বাংলাদেশি যুবকের মরদেহ ফেরত চেয়ে বিএসএফকে চিঠি দেওয়ার প্রস্তুতি চলছে।

কুষ্টিয়ায় ৩ বছরের শিশুকে ধর্ষণের চেষ্টা, অভিযুক্ত আটক

কুষ্টিয়ার দৌলতপুরে ৩ বছরের এক শিশুকে ধর্ষণ চেষ্টার অভিযোগ উঠেছে। এ ঘটনায় অভিযুক্ত হৃদয়কে (১৭) আটক করেছে পুলিশ। রবিবার সকাল ৯টার দিকে তাকে আটক করা হয়। উপজেলার প্রাগপুর ইউনিয়নের মহিষকুন্ডি পূর্বপাড়া গ্রামে এ ঘটনা ঘটেছে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, মহিষকুন্ডি পূর্বপাড়া গ্রামের তাহাজ্জত হোসেনের ছেলে হৃদয় শনিবার সকালে প্রতিবেশীর শিশু কন্যাকে কলা খেতে দেওয়ার কথা বলে কৌশলে নিজ বাড়িতে ডেকে নেয়। পরে সে শিশুটিকে ধর্ষণের চেষ্টা করে।

এ সময় শিশুটির চিৎকার ও কান্নাকাটি শুনে হৃদয় শিশুটিকে ছেড়ে দিয়ে পালিয়ে যায়। পরে বাড়ির লোকজন শিশুটিকে উদ্ধার করে। সেই সময় তার শরীরে কোন পোশাক ছিল না।

এ ঘটনায় শিশুটির পিতা দৌলতপুর থানায় অভিযোগ করলে পুলিশ হৃদয়কে আটক করে থানায় নেয়। এ ঘটনার বিষয়ে দৌলতপুর থানার ওসি (তদন্ত) শাহাদত হোসেন জানান, হৃদয় নামে এক কিশোর প্রতিবেশী শিশু কন্যাকে কলা খেতে দেওয়ার কথা বলে বাড়িতে ডেকে নিয়ে শ্লীলতাহানির চেষ্টা করার অভিযোগে হৃদয়কে আটক করা হয়েছে। এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

আইন প্রয়োগ ও বাস্তবায়নে দক্ষতা অর্জন জরুরী: ইনু

জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের সভাপতি হাসানুল হক ইনু এমপি বলেছেন, ধর্ষকদের দমন করতে যে আইন করা হচ্ছে সেই আইনকে কার্যকরী করার জন্যে দক্ষতা অর্জন করা জরুরী, যাতে দ্রুততার সঙ্গে এই আইন বাস্তবায়ন করা যায়।

রোববার (১৮ অক্টোবর) দুপুর ১২টায় কুষ্টিয়া মিরপুর উপজেলার ছাতিয়ানে আব্দুর রাফেত বিশ্বাস কলেজের নব নির্মিত চার তলা একাডেমিক ভবনের উদ্বোধন অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি এসব কথা বলেন।

ইনু বলেন, এ মুহূর্তে সামাজিক অর্থনৈতিক ও রাজনৈতিক সমস্যা রয়েছে। রয়েছে সংঘবদ্ধ ধর্ষক বাহিনী, লুটপাট বাহিনী ও বাজার সিন্ডিকেট। এই বাজার সিন্ডিকেটকে দমন করার জন্যে স্থায়ী মনিটরিং ব্যবস্থা গড়ে তোলাসহ সামাজিক সচেতনতা গড়ে তোলা দরকার।

কলেজের অধ্যক্ষ আব্দুল মজিদের সভাপতিত্বে অনুষ্ঠিত ভবন উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- মিরপুর উপজেলা সহকারী ভূমি কমিশনার রকিবুল হাসান, কেন্দ্রীয় জাসদের সাংগঠনিক সম্পাদক আব্দুল আলীম স্বপন, নেতা মোহাম্মদ আব্দুল্লাহ, মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আহাম্মদ আলী, যুগ্ম-সাধারণ সম্পাদক কারশেদ আলমসহ কলেজের শিক্ষক/শিক্ষার্থীরা।